



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক ও তারিখ ঠিক রেখে সংশোধিত

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/৭৯৪/৪

তারিখঃ ১৯/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে জনাব মোঃ বেলায়েত হোসেন এর পদ বাতিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/৭৫৬/৩; তারিখঃ ১৭/০৯/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতির কমিটি গঠন সংক্রান্ত আদেশ অমান্য করায় ২০১১ সালে সুপার জনাব মোঃ নওশাদ আলীকে সাময়িক বরখাস্ত করা হয়। কিন্তু সাময়িক বরখাস্ত পরবর্তী কোন তদন্ত হয় নাই, বোর্ডের নিকট চূড়ান্ত বরখাস্তের বিষয়ে কোন ধরনের অনুমোদন নেওয়া হয় নাই।

২) সাময়িক বরখাস্তের দীর্ঘদিন পরেও কোন বিভাগীয় তদন্ত না করে অভিযোগ প্রমান ও বোর্ডের অনুমোদন ব্যতিরেকে চূড়ান্ত বরখাস্তের সিদ্ধান্ত বিধি বহির্ভূত হওয়ায় তাহার আইনগত কোন কার্যকারিতা নাই, বিধায় ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাদরাসার সুপার জনাব মোঃ নওশাদ আলীকে তীর দায়িত্ব হস্তান্তর করে মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটিকে সভাপতির মাধ্যমে বোর্ডকে অবহিত করার জন্য পত্র দেয়া হয়েছিল। পত্রের প্রেক্ষিতে কোন পদক্ষেপ গ্রহণ করা হলো কিনা সে বিষয়ে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক অদ্যাবধি কোন জবাব প্রদান করা হয়নি।

৩) পরবর্তীতে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র প্রাপ্তির আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে মাদরাসার সুপার জনাব মোঃ নওশাদ আলীকে তীর দায়িত্ব হস্তান্তর করে বোর্ডকে অবহিত করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ করা হয়। অন্যথায় বোর্ডের আদেশ অমান্য করায় কেন বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না সে বিষয়েও সন্তোষজনক জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হয়। পত্রের প্রেক্ষিতে ভারপ্রাপ্ত সুপার মোঃ তসলিম উদ্দিন সুপার পদের দায়িত্ব মোঃ নওশাদ আলীর নিকট হস্তান্তর করেছেন। কিন্তু সভাপতি জনাব মোঃ বেলায়েত হোসেন কর্তৃক দায়িত্ব হস্তান্তর সাহায্য না করে তিনি যে জবাব দাখিল করেছেন তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি। এছাড়া ইতোপূর্বে বোর্ডের আদেশ অমান্য করায় কেন সভাপতি হিসাবে জনাব মোঃ বেলায়েত হোসেন এর পদ বাতিল করা হবে না মর্মে ৩০ (ত্রিশ) দিনের সময় দিয়ে কারণ দর্শানো হয়েছিল। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বোর্ডের আদেশ অমান্য করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১১২৭/৯/নথি নং- রংপুর-৬৩; তারিখঃ ০৫/১১/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ বেলায়েত হোসেন এর পদ এতদ্বারা বাতিল করা হলো। কমিটির অন্যান্য সদস্যপদ বহাল থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, ডাকঘর- হলাশুগঞ্জ, মিঠাপুকুর, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/রংপুর-৬৩/৭৯৪/৪

তারিখঃ ১৯/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ বেলায়েত হোসেন, সভাপতি (বাতিলকৃত), ম্যানেজিং কমিটি, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, হলাশুগঞ্জ রশিদিয়া বালিকা দাখিল মাদরাসা, মিঠাপুকুর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪